সমকাল

তারিখ ....................
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ......

## মাধ্যমিক স্তরে বৈষম্য নয়

স্কুল ও মাদ্রাসা শিক্ষার মানে বৈষম্য দূর হলেও সহকারী মৌলবিদের বেতন বৈষম্য রয়েই গেছে। তারা স্কুলে চাকরি নিলে মাদ্রাসার চেয়ে এক গ্রেডে এগিয়ে থাকেন। মাধ্যমিক স্তরে বেতন বৈষম্যের পাশাপাশি ২০১৬ সালে ছুটির তালিকাতে নতুন করে বৈষম্যের শিকার হয়েছে মাদ্রাসা। ফলে চাপা ক্ষোভে আছেন মাদ্রাসা শিক্ষার সঙ্গে জড়িতরা। চলতি বছর স্কুলের ছুটি ৮৫ দিন রাখা হলেও মাদ্রাসাতে রাখা হয়েছে ৭৫ দিন। বেতন এবং ছুটি কম হওয়ায় সামাজিকভাবেও বৈষম্যের শিকার হচ্ছেন মাদ্রাসার শিক্ষকরা। মজার বিষয় হলো, হিজরি নববর্ষের ছুটি স্কুল ৩ অক্টোবর আর মাদ্রাসা পালন করবে ৪ অক্টোবর। মাদ্রাসায় গ্রীষ্মকালীন ছুটি ২৩ এপ্রিল শুরু আর স্কুলে ১৪ মে থেকে। শীতকালীন অবকাশে স্কুলের ছুটি ৯ দিন পক্ষান্তরে মাদ্রাসার ছুটি ৬ দিন রাখা হয়েছে। আশা করি, উল্লিখিত বিষয়গুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গুরুত্ব সহকারে বিবেচনায় এনে বৈষম্য দূরীকরণে ভূমিকা পালন করবে।

মো. মোশারফ হোসেন
সিনিয়র শিক্ষক, বানেশ্বর্দী ইসলামিয়া দাখিল মাদ্রাসা
নকলা, শেরপুর